

Daily Current Affairs Bangla: ৩০ এপ্রিল ২০২৬ এর গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স

৩০ এপ্রিল ২০২৬-এর এই প্রতিবেদনে আমরা দেশ-বিদেশের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স নিয়ে আলোচনা করেছি। নিয়মিত এই আপডেটগুলো অনুসরণ করলে পরীক্ষার প্রস্তুতি আরও ধারালো হবে।

জাতীয় কারেন্ট অ্যাফেয়ার্স

01 গঙ্গা এক্সপ্রেসওয়ে

গত ২৯ এপ্রিল ২০২৬ উত্তরপ্রদেশের হরদোইতে **গঙ্গা এক্সপ্রেসওয়ে**-এর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৫৯৪ কিলোমিটার দীর্ঘ ৬ লেনের এই এক্সপ্রেসওয়েটি মূলত পশ্চিম উত্তরপ্রদেশের মিরাতকে পূর্বের প্রয়াগরাজের সঙ্গে জুড়ে দেবে। ৩৬,২৩০ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই প্রকল্পটির ফলে মিরাত থেকে প্রয়াগরাজের দূরত্ব পাড়ি দিতে সময় লাগবে মাত্র ৬ ঘণ্টা, যা আগে ১১-১২ ঘণ্টা লাগত।

✓ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- উত্তরপ্রদেশকে বর্তমানে ভারতের 'এক্সপ্রেসওয়ে স্টেট' বলা হয়, কারণ দেশজুড়ে সবচেয়ে বেশি এক্সপ্রেসওয়ে এখন এই রাজ্যেই রয়েছে।
- প্রয়াগরাজ বিখ্যাত গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমস্থল হিসেবে।

02 ভারতের প্রথম প্রাইভেট অরবিটাল রকেট 'বিক্রম-১'

হায়দ্রাবাদের মহাকাশ গবেষণা সংস্থা 'স্কাইরুট এয়ারোস্পেস' তৈরি করেছে দেশের প্রথম ব্যক্তিগত মালিকানাধীন অরবিটাল রকেট **বিক্রম-১**। আগামী মে-জুন ২০২৬ নাগাদ শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে এর উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে। এই রকেটটি ৩৫০ কেজি পর্যন্ত পেলোড পৃথিবীর কক্ষপথে বহন করতে সক্ষম।

✓ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ১৯৬৯ সালে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন বা ইসরো (ISRO) প্রতিষ্ঠিত হয়েছিল।
- সতীশ ধাওয়ান স্পেস সেন্টারটি অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটায় অবস্থিত।

03 আরবিআই-এর 'মিশন সক্ষম'

আরবান কোঅপারেটিভ ব্যাংকগুলোর (UCB) মানোন্নয়নে রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া এবার চালু করেছে 'মিশন সক্ষম'। এর মূল উদ্দেশ্য হলো এই ব্যাংকগুলোর শাসনব্যবস্থা ও কর্মসংস্কৃতিতে পেশাদারিত্ব ফিরিয়ে আনা। ব্যাংকের এনপিএ কমানো এবং আইটি ঝুঁকি মোকাবিলায় কর্মীদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের দিকেও নজর দেওয়া হচ্ছে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ১৯৩৪ সালের আরবিআই আইনের ভিত্তিতে ১৯৩৫ সালের ১ এপ্রিল রিজার্ভ ব্যাংক প্রতিষ্ঠিত হয়।
- বর্তমানে মুম্বাইয়ে এর সদর দপ্তর অবস্থিত।

আন্তর্জাতিক কারেন্ট অ্যাফেয়ার্স

04 পিআইআরআই (PIRI) ১০০ ইনডেক্স

প্রপার্টি কনসাল্টিং ফার্ম 'নাইট ফ্রাঙ্ক' তাদের সাম্প্রতিক ইনডেক্স প্রকাশ করেছে, যেখানে দেখা যাচ্ছে বিলাসবহুল আবাসন বাজারে ভারতের বড় শহরগুলো দারুণ উন্নতি করেছে। তালিকার সেরা ১০টি শহরের মধ্যে বেঙ্গালুরু ৮ম এবং মুম্বাই ১০ম স্থানে জায়গা করে নিয়েছে। তবে গোটা তালিকার শীর্ষে রয়েছে জাপানের টোকিও।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- লন্ডনভিত্তিক 'নাইট ফ্রাঙ্ক' বিশ্বের অন্যতম পরিচিত রিয়েল এস্টেট কনসালটেন্সি ফার্ম।
- বিশ্বের প্রধান শহরগুলোতে বিলাসবহুল বাড়ির দামের ওপর ভিত্তি করেই এই সূচকটি তৈরি করা হয়।

05 ইউএই (UAE)-এর ওপেকের সদস্যপদ ত্যাগ

জ্বালানি কৌশলের ওপর নতুন করে জোর দিতে সংযুক্ত আরব আমিরাত আগামী ১ মে ২০২৬ থেকে ওপেক এবং ওপেক প্লাস থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে। তাদের এই সিদ্ধান্তের ফলে ওপেকের সদস্য সংখ্যা কমে দাঁড়াচ্ছে ১১টিতে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক জিকে

- ওপেকের (OPEC) পুরো নাম অর্গানাইজেশন অফ দ্য পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিস।
- অস্ট্রিয়ার ভিয়েনায় এই সংস্থার সদর দপ্তর অবস্থিত।

06 ১৭তম পিটসবার্গ ক্লাইমেট ডায়ালগ

জার্মানির বন শহরে আয়োজিত হলো ১৭তম পিটসবার্গ ক্লাইমেট ডায়ালগ। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় পরবর্তী কপ (COP) সম্মেলনের রূপরেখা ঠিক করাই এই বৈঠকের মূল লক্ষ্য। উল্লেখ্য, চলতি বছরের শেষভাগে তুরস্কের আন্টালিয়া শহরে কপ-৩১ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

☑ সম্পর্কিত স্ট্যাটিক ডিকে

- কপ (COP) এর পূর্ণরূপ কনফারেন্স অফ দ্য পার্টিস।
- ১৯৯৫ সালে বার্লিনে প্রথম কপ সম্মেলন অনুষ্ঠিত হয়।

বিবিধ

07 বিশ্ব পশু চিকিৎসা দিবস ২০২৬

এপ্রিল মাসের শেষ শনিবারে বিশ্বজুড়ে এই দিনটি পালন করা হয়। সেই অনুযায়ী, এবারের দিবসটি ২৫ এপ্রিল পালিত হয়েছে। এবছরের থিম ছিল 'পশু চিকিৎসক: খাদ্য ও স্বাস্থ্যের রক্ষক'।

08 ওলিম্পিক পদক বিজয়ী গুরবক্স সিং গ্রেওয়াল

হকি জগতের পরিচিত মুখ গুরবক্স সিং গ্রেওয়াল ৮৪ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ১৯৬৮ সালের মেক্সিকো সিটি ওলিম্পিকে ব্রোঞ্জ জয়ী ভারতীয় হকি দলের অন্যতম সদস্য ছিলেন তিনি।

নিয়মিত আমাদের এই কারেন্ট অ্যাফেয়ার্স বিভাগটি ফলো করুন এবং কুইজে অংশ নিয়ে নিজের প্রস্তুতি যাচাই করে নিন।

[☑ Take the Interactive Quiz](#)